**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[কাস্টমস ও মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ১৯৬-আইন/২০২৬/৫১/কাস্টমস।-** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, উক্ত আইনের ধারা ৪১, ১৩৩ ও দ্বিতীয় তফসিলের ক্রমিক ৭, ৩৬ ও ৪৮ এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম ও প্রবর্তন।-** (১) এই বিধিমালা সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল বা উপকরণ হিসেবে ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান হইতে পণ্য সংগ্রহ ও রপ্তানি বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ৩০ (ত্রিশ) দিন পর কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) "**আইন**" অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

(খ) "**ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান**" অর্থ বৈদেশিক মুদ্রায় স্থাপিত ব্যাক টু ব্যাক ঋণপত্র (BBLC) এর বিপরীতে পশ্চাদসংযোগ শিল্প হিসেবে সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানে সরবরাহতব্য পণ্য উৎপাদনকারী ও সরবরাহকারী শিল্প প্রতিষ্ঠান;

(গ) **"কমিশনার"** অর্থ কমিশনার অব কাস্টমস, কমিশনার অব কাস্টমস (বন্ড) বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নিয়োগপ্রাপ্ত অন্য কোনো কমিশনার;

(ঘ) "**বন্ড**" অর্থ আইনের ধারা ৪১ এর উপ-ধারা (১) এর দফা (গ) এর উদ্দেশ্য পূরণকল্পে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সহিত

সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত একটি বন্ড যাহা সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহারের জন্য নির্দেশিত অংকের অর্থ পরিশোধের নিশ্চয়তা প্রদান করিয়া থাকে;

(ঙ) "**রপ্তানিতব্য পণ্য**" অর্থ সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্য;

(চ) "**সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান**" অর্থ এমন কোনো ওয়্যারহাউস লাইসেন্সবিহীন সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান যাহা তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত সমুদয়/শতভাগ পণ্য দেশের ভৌগোলিক সীমানার বাহিরে বৈদেশিক মুদ্রার বিনিময়ে রপ্তানি করিয়া থাকে;

(ছ) "**সরবরাহতব্য পণ্য**" অর্থ ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্য;

(জ) "**Industrial IRC holder**" অর্থ এমন প্রতিষ্ঠান যাহার অনুকূলে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে সুনির্দিষ্ট মেয়াদ সংবলিত শিল্প ভোক্তা (Industrial consumer) IRC (Import Registration Certificate) ইস্যু করা হইয়াছে;

(ঝ) "**VAT Compliant প্রতিষ্ঠান**" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাব সংরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান।

৩। **শর্তাবলি।-** ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান হইতে **তফসিল-১** এ উল্লিখিত সরবরাহতব্য পণ্য সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানিতব্য পণ্য তৈরির কাঁচামাল বা উপকরণ হিসেবে ব্যাক টু ব্যাক ঋণপত্রের বিপরীতে সংগ্রহের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন করিতে হইবে, যথা:-

(ক) সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানকে Industrial IRC holder এবং VAT compliant হইতে হইবে;

(খ) সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে বৈদেশিক ক্রেতা প্রতিষ্ঠানের ক্রয়-বিক্রয় চুক্তি (Sales Contract) বা মাস্টার ঋণপত্র (Master LC) বা ক্রয়াদেশ (Purchase Order) থাকিতে হইবে;

(গ) ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহতব্য পণ্য সরবরাহ প্রদানের পূর্বে সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানের নিকট হইতে উহার লিয়েন ব্যাংক কর্তৃক Endorsed ক্রয়-বিক্রয় চুক্তি (Sales Contract) বা ক্রয়াদেশ (Purchase Order) সংগ্রহ করিয়া ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী দপ্তরে দাখিল করিতে হইবে;

(ঘ) সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ক্রয়-বিক্রয় চুক্তি (Sales Contract) বা মাস্টার ঋণপত্র (Master LC) বা ক্রয়াদেশ (Purchase Order) এর বিপরীতে BGMEA/BKMEA কর্তৃক জারিকৃত UD (Utilization Declaration) থাকিতে হইবে;

(ঙ) ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহতব্য পণ্য সরবরাহ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক কর্তৃক **পরিশিষ্ট-১** অনুযায়ী ইস্যুকৃত প্রত্যয়নপত্র সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানের নিকট হইতে সংগ্রহ করিয়া ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী দপ্তরে দাখিল করিতে হইবে;

(চ) eVAT System এ অন্তর্ভুক্ত লিয়েন ব্যাংক হইতে ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের অনুকূলে সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বৈদেশিক মুদ্রায় ব্যাক টু ব্যাক ঋণপত্র স্থাপন করিতে হইবে;

(ছ) এইরূপ সরবরাহের পূর্বে ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে CBMS (Customs Bond Management System) এর মাধ্যমে UP (Utilization Permission) গ্রহণ করিতে হইবে এবং UP জারির পূর্বে ব্যাক টু ব্যাক ঋণপত্র এর সঠিকতা ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী দপ্তর কর্তৃক যাচাই করিতে হইবে এবং মূসক চালান (মূসক-৬.৩) এর মাধ্যমে পণ্য সরবরাহ করিতে হইবে;

(জ) বন্ড সম্পাদনের পরে সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানকে অনুমোদিত পরিমাণ কাঁচামাল বা উপকরণ সরবরাহ গ্রহণ, সংরক্ষণ ও ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করিতে হইবে;

(ঝ) সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানের রপ্তানিকৃত পণ্যের মূল্য সংযোজনের পরিমাণ ন্যূনতম ২০ (বিশ) শতাংশ হইতে হইবে;

(ঞ) ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান হইতে সংগৃহীত কাঁচামাল বা উপকরণ ও তদ্দ্বারা উৎপাদিত পণ্য সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পৃথক রেজিস্টারে এন্ট্রি এবং উৎপাদন ইউনিটে পৃথকভাবে সংরক্ষণ করিতে হইবে যাহাতে কাস্টমস কর্মকর্তা যেকোনো সময় তাহা যথাযথভাবে পরীক্ষণ/যাচাই করিতে পারে;

(ট) এই বিধিমালার সুবিধা ভোগ করিবার নিমিত্ত সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ব্যবসা শনাক্তকরণ নম্বর (বিআইএন)-সহ CBMS (Customs Bond Management System) এ তালিকাভুক্ত হইতে হইবে।

৪। **বন্ড।-** (১) পণ্য সরবরাহ গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনারের নিকট সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক **পরিশিষ্ট-২** অনুযায়ী তাহার বা লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে তাহার পরিচালকগণের স্বাক্ষরসহ, সংশ্লিষ্ট সকল লিয়েন ব্যাংক হইতে সত্যায়নপূর্বক নোটারিকৃত ২ (দুই) হাজার টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ১ (এক) কোটি টাকা মূল্যের একটি বন্ডসহ আবেদন দাখিল করিতে হইবে।

(২) দাখিলকৃত আবেদন পর্যালোচনাপূর্বক নিরীক্ষা কার্যক্রম হালনাগাদ থাকিলে কিংবা নিরীক্ষা সংক্রান্ত সমুদয় দলিল জমা প্রদান করা হইয়াছে, কিন্তু কোনো যৌক্তিক কারণে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কর্তৃক নিরীক্ষা সম্পন্ন করিতে পারে নাই এবং এইক্ষেত্রে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের কোনো অসহযোগিতা না থাকিলে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ১ (এক) বৎসরের জন্য বন্ড জারি করা যাইবে।

৫। **কাঁচামাল ব্যবহারের ঘোষণা।-** সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদ শেষে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনারের নিকট কাঁচামাল ব্যবহারের হিসাব **পরিশিষ্ট-৩** অনুযায়ী ঘোষণা প্রদান করিবেন।

৬। **রপ্তানির মেয়াদ।-** সংগৃহীত কাঁচামাল দ্বারা উৎপাদিত পণ্য রপ্তানির সময়সীমা হইবে ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিকট হইতে কাঁচামাল সংগ্রহকালীন ইস্যুকৃত মূসক চালান (মূসক ৬.৩) এ উল্লিখিত তারিখ হইতে ১২ (বারো) মাস, তবে, কোনো কারণে উক্ত নির্ধারিত সময়ের মধ্যে রপ্তানি সম্পন্ন করা সম্ভব না হইলে সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানের আবেদনক্রমে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার যৌক্তিক বিবেচনায় উক্ত সময়সীমা ৩ (তিন) মাস পর্যন্ত বৃদ্ধি করিতে পারিবে এবং তৎপরবর্তীতে অধিকতর সময়ের প্রয়োজন হইলে সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানের আবেদনক্রমে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের মতামত গ্রহণ সাপেক্ষে জাতীয় রাজস্ব বোর্ড যৌক্তিক সময় বৃদ্ধি করিতে পারিবে।

৭। **নিরীক্ষা।-** (১) বৈদেশিক ক্রেতার নিকট হইতে প্রাপ্ত রপ্তানি আদেশের বিপরীতে পণ্য রপ্তানি সংশ্লিষ্ট সকল দলিল সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান প্রতি নিরীক্ষা মেয়াদ শেষ হইবার পরবর্তী ৪ (চার) মাসের মধ্যে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটে নিরীক্ষা সম্পাদনের জন্য দাখিল করিবে এবং কমিশনারেট পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে উক্ত নিরীক্ষা সম্পাদন করিয়া জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক নিরীক্ষা) এর নিকট প্রতিবেদন প্রেরণ করিবে এবং ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণকারী দপ্তরে অনুলিপি প্রেরণ করিবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান নির্দিষ্ট সময়ের মধ্যে নিরীক্ষা সংক্রান্ত দলিলাদি দাখিল করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট উক্ত বিষয়টি সকল কমিশনারেট ও কাস্টমস হাউস-কে অবহিত করিবেন, এবং উক্তরূপ অবহিতকরণের পর এই বিধিমালার সুবিধাভোগকারী সংশ্লিষ্ট সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানকে পণ্য সরবরাহের জন্য ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের অনুকূলে UP (Utilization Permission) প্রদান করা যাইবে না।

৮। **রপ্তানি আদেশ বাতিল, রপ্তানি ব্যর্থতা ও বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনে ব্যর্থতার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ।-** যে রপ্তানি আদেশের বিপরীতে ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিকট হইতে কাঁচামাল বা উপকরণ সংগ্রহ করা হইয়াছিল তাহা বাতিল হইলে বা উক্ত সংগৃহীত কাঁচামাল বা উপকরণ দ্বারা তৈরি পণ্য রপ্তানি করিতে ব্যর্থ হইলে অথবা পণ্যচালান জাহাজীকরণের অনধিক ১২০ (একশত বিশ) দিবসের মধ্যে অথবা ক্ষেত্রবিশেষে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বর্ধিত সময়ের মধ্যে সমস্ত রপ্তানিমূল্য বাংলাদেশে প্রত্যাবাসিত না হইলে ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের উপর আমদানিকালে আরোপনীয় সমুদয় শুল্ক-কর, প্রযোজ্য সুদ, জরিমানা ও অন্যান্য চার্জ (যদি থাকে) সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটে পরিশোধ করিতে হইবে।

## পরিশিষ্ট-১

[বিধি ৩ এর দফা (ঙ) দ্রষ্টব্য]

এতদ্দ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, ............ একটি মূসক নিবন্ধিত সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান, যাহার ব্যবসা শনাক্তকরণ নম্বর (বিআইএন)............, বিদেশী ............ নামীয় প্রতিষ্ঠানের নিকট হইতে ............ নামীয় পণ্য রপ্তানির জন্য ক্রয়-বিক্রয় চুক্তি (Sales Contract) বা মাস্টার ঋণপত্র (Master LC) বা ক্রয়াদেশ (Purchase Order) নং ....................., তারিখ: ..................... প্রাপ্ত হইয়াছেন। উক্ত রপ্তানি আদেশে উল্লিখিত পণ্য উৎপাদনের নিমিত্ত ............ নামীয় ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের (ওয়্যারহাউস লাইসেন্স নং ...............) নিকট হইতে ............ নামীয় কাঁচামাল বা উপকরণ সংগ্রহের লক্ষ্যে বিবিএলসি নং ......... তারিখ .......... খোলা হইয়াছে।

প্রত্যয়নকারী ব্যাংক কর্মকর্তা

স্বাক্ষর:

নাম:

পদবি:

সীল:

**পরিশিষ্ট-২**

[বিধি ৪ দ্রষ্টব্য]

১। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ৪১ এর উপ-ধারা (১) এর দফা (গ) এর বিধানমতে, আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী/স্বাক্ষরকারীগণ, মেসার্স.........[অফিস ঠিকানা:......., কারখানা এর ঠিকানা:........, ব্যবসা শনাক্তকরণ নম্বর (বিআইএন)........] নামীয় প্রতিষ্ঠানের পক্ষ হইতে, প্রত্যেকে ও যৌথভাবে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির নিকট এই মর্মে ২০০০ (দুই হাজার) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে বন্ড দাখিলপূর্বক অঙ্গীকার করিতেছি যে, মহামান্য রাষ্ট্রপতির পক্ষে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কর্তৃক চাহিবামাত্র ........(.....) টাকা প্রদান করিতে বাধ্য থাকিব:

| **ক্রমিক নং** | **নাম ও পদবি** | **স্থায়ী ও বর্তমান ঠিকানা** | **জাতীয় পরিচয়পত্র নম্বর /পাসপোর্ট নম্বর** | **স্বাক্ষর** | **লিয়েন ব্যাংকের উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর ও নামীয় সিল** |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

২। আমি/আমরা আরও অঙ্গীকার করিতেছি যে, এই বন্ডের বিপরীতে ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক কাস্টমস হাউস অথবা কাস্টমস স্টেশনে কাস্টমস শুল্ক ও ক্ষেত্রমত, অন্যান্য কর পরিশোধ না করিয়া আমদানিকৃত কাঁচামাল বা উপকরণ নির্ধারিত পদ্ধতিতে উৎপাদনপূর্বক সরবরাহতব্য পণ্য সংগ্রহ করিয়া কেবল শতভাগ রপ্তানির উদ্দেশ্যে ব্যবহার করিব। ইহার ব্যত্যয় করিব না। এইরূপে সরবরাহতব্য পণ্য বিধিতে উল্লিখিত মেয়াদের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে ব্যবহার করিয়া অনুমোদিত উদ্দেশ্য পূরণ করিতে ব্যর্থ হইলে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২৬ এর দফা (গ) এবং এই বিধিমালার বিধান মোতাবেক ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের উপর আমদানিকালে আরোপনীয় সমুদয় শুল্ক-কর, প্রযোজ্য সুদ, জরিমানা ও অন্যান্য চার্জ (যদি থাকে)-সহ আইন অনুযায়ী পরিশোধ করিতে বাধ্য থাকিব।

৩। আমি/আমরা আরও অঙ্গীকার করিতেছি যে, এই বন্ডের অধীন সরবরাহতব্য পণ্য অন্য কোনো প্রতিষ্ঠানে স্থানান্তর করিব না। করিলে ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের উপর আমদানিকালে আরোপনীয় সমুদয় শুল্ক-কর, প্রযোজ্য সুদ, জরিমানা ও অন্যান্য চার্জ (যদি থাকে)-সহ আইন অনুযায়ী চূড়ান্ত দায় আমি/আমরা বহন করিতে বাধ্য থাকিব।

৪। আমি/আমরা আরও অঙ্গীকার করিতেছি যে, এই বন্ডের বিপরীতে ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিকট হইতে কাস্টমস শুল্ক ও ক্ষেত্রমত অন্যান্য কর পরিশোধ না করিয়া সরবরাহতব্য

পণ্য ও অন্যান্য উৎস হইতে সংগৃহীত কাঁচামাল ব্যবহারের হিসাব নির্ধারিত কর মেয়াদ শেষে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর কমিশনারের নিকট নির্ধারিত পদ্ধতিতে ঘোষণা প্রদান করিব। এইরূপে সরবরাহতব্য পণ্যের হিসাব প্রতিষ্ঠানের উৎপাদন ইউনিটেও সংরক্ষণ করিব যাহাতে কাস্টমস কর্তৃপক্ষ চাহিবামাত্র উহা প্রদর্শন করিতে পারি।

৫। আমি/আমরা আরও অঙ্গীকার করিতেছি যে, কাস্টমস আইন, ২০২৩ এবং তদধীন প্রণীত যাবতীয় বিধি-বিধান সর্বতোভাবে মানিয়া চলিব। ইহার কোনোরূপ ব্যত্যয় হইলে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কর্তৃক আমার/আমাদের বিরুদ্ধে গৃহীত যেকোনো আইনগত কার্যধারা আমি/আমরা মানিয়া লইতে বাধ্য থাকিব।

বন্ড দাতার নাম ও স্বাক্ষর:

সাক্ষীগণের নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর ও স্বাক্ষর:
১।
২।

বিঃ দ্রঃ এই বন্ড নির্ধারিত পরিমাণ নন-জুডিসিয়াল স্ট্যাম্পে দাখিল করিতে হইবে। প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ব্যবসা শনাক্তকরণ নম্বর (বিআইএন)-সহ অনুচ্ছেদ ১ এবং মালিক/মালিকগণের নাম, ঠিকানা ও স্বাক্ষর সংবলিত ছকটি প্রত্যেক পৃষ্ঠায় থাকিবে। অতঃপর অন্যান্য অনুচ্ছেদ হইতে একটি অথবা একটির অংশবিশেষ লিখা যাইবে।

**পরিশিষ্ট-৩**

[বিধি ৫ দ্রষ্টব্য]

…………….. তারিখের ক্রয়-বিক্রয় চুক্তি (Sales Contract) বা মাস্টার ঋণপত্র (Master LC) বা ক্রয়াদেশ (Purchase Order) নম্বর …………….. এর বিপরীতে রপ্তানির জন্য …………….. পণ্য উৎপাদন কাজে আবশ্যক কাঁচামাল বা উপকরণ সম্পর্কিত ঘোষণা।

১। প্রতিষ্ঠানের নাম :

২। ঠিকানা :

৩। মূসক নিবন্ধন নম্বর :

৪। বিস্তারিত বর্ণনা :

| ক্রম নং | রপ্তানি আদেশ নং ও তারিখ | BBLC/ মূসক চালান নং ও তারিখ | রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল বা উপকরণের নাম ও এইচ.এস কোড (HS Code) | ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিকট হইতে সংগৃহীত কাঁচামাল বা উপকরণের পরিমাণ | ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিকট হইতে সংগৃহীত কাঁচামাল বা উপকরণের মূল্য | অন্যান্য উৎস হইতে সংগৃহীত কাঁচামাল বা উপকরণের পরিমাণ | অন্যান্য উৎস হইতে সংগৃহীত কাঁচামাল বা উপকরণের মূল্য | মোট সংগৃহীত কাঁচামাল বা উপকরণের পরিমাণ | মোট সংগৃহীত কাঁচামাল বা উপকরণের মূল্য | ব্যবহৃত কাঁচামাল বা উপকরণের পরিমাণ | অবশিষ্ট কাঁচামাল বা উপকরণের পরিমাণ | উৎপাদিত পণ্যের পরিমাণ | মোট অপচয়ের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) = (৫+৭) | (১০) = (৬+৮) | (১১) | (১২) = (৯-১১) | (১৩) | (১৪) = (১১-১৩) | (১৫) |
| | | | | | | | | | | | | | | |

----------------------------------

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ:

**তফসিল-১**

[বিধি ৩ দ্রষ্টব্য]

সরবরাহতব্য পণ্য

| ক্রমিক নং | পণ্যের নাম | এইচ.এস. কোড |
|---|---|---|
| ১. | ইয়ার্ন (Yarn) | **৫১০৯ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| | | **৫১১০.০০.০০** |
| | | **৫২০৫ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| | | **৫২০৬ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| | | **৫৪০১ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| | | **৫৪০২ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| | | **৫৪০৩ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| | | **৫৫০৮ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| | | **৫৫০৯ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| ২. | অ্যাকসেসরিজ (Accessories) | **৩৯২৩.২১.০০** |
| | | **৩৯২৩.২৯.১০** |
| | | **৩৯২৩.২৯.৯০** |
| | | **৪৮১৯ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| | | ৪৮২১.১০.০০ |
| | | ৪৮২২.১০.০০ |
| | | ৪৮২২.৯০.০০ |
| | | **৫৬০৪ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| | | **৫৬০৭ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| | | **৫৮০৭ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| | | **৬২১৭.১০.০০** |
| | | **৯৬০৬ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |
| | | **৯৬০৭ হেডিংভুক্ত সকল এইচ.এস. কোড** |

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব।